খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা

কলা ও মানবিক স্কুল
শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭

স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির নিয়মাবলী

ডিসিপ্লিনসমূহ : (১) ইংরেজি ডিসিপ্লিন
(২) বাংলা ভাষা ও সাহিত্য ডিসিপ্লিন
(৩) ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কলা ও মানবিক স্কুলের অধীন ইংরেজি, বাংলা ভাষা ও সাহিত্য এবং ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনে ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সের প্রথম বর্ষে নিম্নলিখিত ছক অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে:

আসন সংখ্যা:

ডিসিপ্লিনের নাম	সাধারণ আসন	মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত আসন	উপজাতি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন	মোট আসন	বিকেএসপি
ইংরেজি	৫৫	০১	০১	৫৭	০১
বাংলা ভাষা ও সাহিত্য	৫৫	০১	০১	৫৭	
ইতিহাস ও সভ্যতা	৩৮	০১	০১	৪০	

ভর্তিপরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও প্রয়োজনীয় তথ্যসমূহ :

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) ২০১৫ অথবা ২০১৬ সালে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে। সকল বিভাগের (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) প্রার্থীরা আবেদন করতে পারবে। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তিপরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের ক্ষেত্রে মাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রার্থীর ন্যূনতম জিপিএ ৪.০ থাকতে হবে। শুধু বাংলা ভাষা ও সাহিত্য ডিসিপ্লিনে ভর্তিচ্ছু প্রার্থীর উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলায় ন্যূনতম জিপিএ ৩.৫ এবং ইংরেজি ডিসিপ্লিনে ভর্তিচ্ছু প্রার্থীর উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে। উল্লেখ্য যে, ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনে ভর্তিচ্ছু প্রার্থীরা উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে নির্ধারিত নম্বর না থাকলেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) জি সি ই **O** লেভেল পরীক্ষায় অন্তত ০৩ টি (তিন) বিষয়ে এবং ২০১৫/২০১৬ সালের **A** লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২ টি (দুই) বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে। ভর্তিচ্ছু প্রার্থীদের **O** এবং **A** লেভেল পরীক্ষায় মোট ০৫ (পাঁচ) টি বিষয়ের মধ্যে ইংরেজিসহ কমপক্ষে ০৩ টি (তিন) বিষয়ে **B** এবং ০২ টি (দুই) বিষয়ে **C** গ্রেড পেতে হবে।

পরীক্ষাবিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা :

ক) **প্রশ্নপত্রের বিষয় :** নৈর্ব্যক্তিক ও রচনামূলক (বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি ভাষা ও সাহিত্য, সাধারণ জ্ঞান)।

চলমান পাতা-০২

খ) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে তিনটি অংশ থাকবে। প্রশ্নের মান বণ্টন নিম্নরূপঃ

বাংলা	২০
ইংরেজি	২০
সাধারণ জ্ঞান	১০
সর্বমোট	৫০

ইংরেজি, বাংলা ভাষা ও সাহিত্য এবং ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনে প্রার্থীদের মধ্য থেকে ভর্তিপরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রমানুসারে সাধারণ আসনে ভর্তি করা হবে। প্রার্থীকে ভর্তি কমিটি কর্তৃক বিষয়ভিত্তিক নির্ধারিত ন্যূনতম নম্বর পেতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তিপরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ন্যূনতম নম্বরের ভিত্তিতে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। উক্ত তালিকাসমূহ খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ku.ac.bd) এবং কলা ও মানবিক স্কুলের ডিন অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

ভর্তিসংক্রান্ত তারিখ ও সময়সূচি :

ক্রমিক নম্বর	বিবরণ	তারিখ	সময়সূচি
১.	আবেদন শুরুর তারিখ	০৫/০৯/২০১৬	
২.	আবেদনের শেষ তারিখ	৩০/০৯/২০১৬	
৩.	যোগ্য প্রার্থীর নামের তালিকা (প্রথম সাত হাজার) প্রকাশ	১৬/১০/২০১৬	
৪.	ভর্তিপরীক্ষা	০৫/১১/২০১৬	সকাল ৯:০০-১১:০০ টা
৫.	উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	১৭/১১/২০১৬	
৬.	মেধা তালিকা থেকে ভর্তি	২১/১১/২০১৬	
৭.	অপেক্ষমান তালিকা থেকে নিবন্ধন	২৭/১১/২০১৬	সকাল ৯:৩০-১২:০০ টা
৮.	অপেক্ষমান তালিকা থেকে নিবন্ধিত শিক্ষার্থীদের ভর্তি	২৭/১১/২০১৬	দুপুর ১২:৩০-৩:০০ টা
৯.	ক্লাশ শুরু	০১/০১/২০১৭	

প্রবেশপত্র :

যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের পর সকল পরীক্ষার্থীকে অবশ্যই **www.ku.cloudonebd.com** থেকে Application ID ব্যবহার করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্রের দুটি কপি সঙ্গে আনতে হবে। প্রবেশপত্রের উল্টোপীঠে পরীক্ষার্থীকে নিজ হাতে নাম, ঠিকানা ও মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। দুটি প্রবেশপত্রের একটি পরীক্ষার সময় পরীক্ষার্থী ইনভিজিলেটরকে প্রদান করবে এবং আর একটি কপি নিজ দায়িত্বে সংরক্ষণ করবে যা পরবর্তীতে ভর্তির সময়ে সঙ্গে আনতে হবে।

স্বাস্থ্যপরীক্ষা :

খুলনা বিশ্ববিদ্যালয়ের মনোনীত চিকিৎসক নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্যপরীক্ষা করবেন। পরীক্ষায় যদি কারো কোনো প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে যার ফলে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করা প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে চিকিৎসক মনে করেন, তাহলে সে ভর্তির অনুপযুক্ত বলে বিবেচিত হবে। তবে নিরাময়যোগ্য ত্রুটির ক্ষেত্রে ১০(দশ) দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। স্বাস্থ্যপরীক্ষার নিয়মাবলী সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্যও প্রযোজ্য।

ভর্তির নিয়মাবলী :

১। একজন প্রার্থী একই সাথে সাধারণ আসন এবং সংরক্ষিত আসনের মেধাতালিকায় থাকলে সে যে মেধাতালিকায় বিবেচিত হতে চায়, তা সনদপত্র যাচাইয়ের সময় নির্ধারিত ফর্ম পূরণপূর্বক উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০৩

২। কোটা–আসনে নির্বাচিত প্রার্থীদের সংশ্লিষ্ট সনদপত্র যাচাই সাপেক্ষে ভর্তি করা হবে। মুক্তিযোদ্ধার পোষ্য সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হবে।

৩। কোটা–আসনে যোগ্যপ্রার্থী না পাওয়া গেলে আসন–আসনসমূহ সাধারণ আসনের মেধাক্রমানুযায়ী পূরণ করা হবে। উল্লেখ্য, সংরক্ষিত বিকেএসপির আসনে কোনো শিক্ষার্থী পাওয়া না গেলে, তা মেধাক্রম থেকে পূরণ করা হবে না।

৪। কোনো প্রার্থী একইসাথে একাধিক ডিসিপ্লিনে ভর্তির জন্য নির্বাচিত হলে তাকে ভর্তির সময় যে কোনো একটি ডিসিপ্লিনে ভর্তির সিদ্ধান্ত লিখিতভাবে ভর্তিকমিটিকে জানাতে হবে।

৫। মেধা তালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীদেরকে **২১/১১/২০১৬** খ্রি. তারিখে সকাল ৯:৩০ মিনিট থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। নির্বাচিত কোনো প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে। নির্ধারিত ভর্তির তারিখের পর নির্বাচিত প্রার্থী ভর্তি হতে পারবে না। মেধা তালিকা থেকে প্রার্থী ভর্তির পর কোনো আসন শূন্য থাকলে, সেই শূন্য আসনে অপেক্ষমান মেধাতালিকা থেকে প্রার্থী ভর্তি করা হবে।

৬। অপেক্ষমান মেধাতালিকার প্রার্থীদের **২৭/১১/২০১৬** খ্রি. তারিখে সকাল ৯:৩০টা হতে দুপুর **১২:০০**টা পর্যন্ত ভর্তির জন্য উপস্থিতি নিবন্ধন করা হবে এবং ঐ দিনেই দুপুর **১২:৩০**টা থেকে বিকেল ৩:০০টা পর্যন্ত নিবন্ধনকৃত প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। ক্লাস শুরুর ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন (বিলম্ব ফি ব্যতীত) করতে হবে। বিলম্ব ফি দিয়ে পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করা যাবে।

৭। ভর্তিপরীক্ষায় একাধিক বিষয়ে যোগ্য প্রার্থীদের জন্য আসন শূন্য থাকা সাপেক্ষে ক্লাশ শুরুর পাঁচ কর্মদিবসের মধ্যে ডিসিপ্লিন পরিবর্তনের সুযোগ থাকবে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ভর্তিকমিটি সংরক্ষণ করবে।

৮। ভর্তিকমিটির সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তির নিকট সত্যতা যাচাইয়ের উদ্দেশে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর মূল মার্কসশিট ও সনদপত্র ভর্তির দিনে অবশ্যই জমা দিতে হবে।

৯। স্বাস্থ্যপরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তিকমিটির সভাপতির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ওয়েবসাইট www.ku.cloudonebd.com এর মাধ্যমে আবেদনপূর্বক প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২। ভর্তিপরীক্ষায় যোগ্যপ্রার্থীদের তালিকা খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ku.ac.bd) এবং কলা ও মানবিক স্কুলের ডিন অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

৩। ভর্তিসংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য খুলনা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক স্কুলের ডিন অফিসে সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত যোগাযোগ করা যেতে পারে (পিএবিএক্স: ৭২০১৭১-৩ এক্স-১১৭২/মোবাইল নম্বর : ০১৭৯১৭৭৯৫৭৯)।

৪। ভর্তিবিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন কিংবা পরিবর্ধনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। বিশ্ববিদ্যালয়ের হলে স্থানাভাবের কারণে নতুন ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের হলে সিটের নিশ্চয়তা দেয়া সম্ভব নয়।

(প্রফেসর ড. সাবিহা হক)
সভাপতি, ভর্তি কমিটি (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ)
ও ডিন
কলা ও মানবিক স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা–৯২০৮
ফোন: ০৪১-৭৩২১৫৪
পিএবিএক্স: ৭২০১৭১-৩ এক্স-৩০৬৯